



## বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ওয়েবসাইট: [www.berc.org.bd](http://www.berc.org.bd)

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৪. ৪২৯৯

তারিখ:

১৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ  
০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

### **Saudi CP অনুযায়ী ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিগিজ ও অটোগ্যাসের মূল্য সমন্বয় বিষয়**

সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রাপ্য এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬০৫.০০ মার্কিন ডলার এবং ৫৯৫.০০ মার্কিন ডলার এবং প্রাপ্য ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ অনুযায়ী প্রাপ্য ও বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৯৮.৫০ মার্কিন ডলার বিবেচনায় সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য বেসরকারি এলপিগিজ ও অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে মূল্য নিম্নলিখিতভাবে সমন্বয় করা হলো:

(ক) বেসরকারি এলপিগিজ'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি কেজি ১১৮.৪৪ টাকায় এবং বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য নিম্নরূপভাবে সমন্বয় করা হলো:

#### **বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, সেপ্টেম্বর-২০২৪**

বিবরণ	বোতলজাতকৃত এলপিগিজ'র পরিমাণ ও মূল্য													
	৫.৫ কেজি	১২ কেজি	১২.৫ কেজি	১৫ কেজি	১৬ কেজি	১৮ কেজি	২০ কেজি	২২ কেজি	২৫ কেজি	৩০ কেজি	৩৩ কেজি	৩৫ কেজি	৪৫ কেজি	
রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য (মুসকসহ)	৬৫১ টাকা	১,৪২১ টাকা	১,৪৮১ টাকা	১,৭৭৭ টাকা	১,৮৯৫ টাকা	২,১৩২ টাকা	২,৩৬৯ টাকা	২,৬০৬ টাকা	২,৯৬১ টাকা	৩,৫৫৩ টাকা	৩,৯০৯ টাকা	৪,১৪৫ টাকা	৫,৩৩০ টাকা	

(খ) রেটিকুলেটেড পদ্ধতিতে (i) তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি কেজি ১১৪.৬২ টাকায় এবং (ii) গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি লিটার ০.২৫৪৭ টাকায় বা প্রতি ঘনমিটার ২৫৪.৭০ টাকায় সমন্বয় করা হলো।

(গ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মুসকসহ মূল্য প্রতি লিটার ৬৫.২৬ টাকায় সমন্বয় করা হলো।

- সমন্বয়কৃত উক্ত মূল্য ১৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/ ০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।
- ০৩ মার্চ ২০২৪ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/০৩ অনুযায়ী সরকারি এলপিগিজ'র ডিলার/রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্যহার প্রতি ১২.৫০ কেজি ৬৯০.০০ টাকা অপরিবর্তিত থাকবে।
- প্রত্যেক এলপিগিজ মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী এলপিগিজ মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মুসক-উত্তর/মুসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিগিজ বিক্রয় করবে এবং সে অনুযায়ী মুসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।
- কোনো পর্যায়ে (এলপিগিজ মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিগিজ (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।
- ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- বিস্তারিত মূল্য সমন্বয় আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/১১) কমিশনের ওয়েবসাইট [www.berc.org.bd](http://www.berc.org.bd) এ পাওয়া যাবে।

কমিশনের আদেশক্রমে,

ব্যারিস্টার মোঃ খালিলুর রহমান খান  
সচিব, বিইআরসি।  
ফোন: ০২-৫৫০১৪০০৭